

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
বাজেট অধিশাখা-১/২  
অর্থ মন্ত্রণালয়  
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪৩.০২০.০০৭.২০১৫- ৩৩৩

তারিখঃ ০৫ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ  
২০ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ সরকারী অফিসের জন্য বেসরকারী বাড়ী ভাড়ার হার নির্ধারণ/নতুন বাড়ী ভাড়া করণ/ভাড়া চুক্তি নবায়নের প্রস্তাব এ বিভাগে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: অর্থ বিভাগের পত্র নং-০৭.০০.০০.০৮.১৫১.০২৬.১২.১৬(অংশ-২)-৩৭৮, তারিখ: ০২-০৮-২০১৭ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি অফিসের জন্য বেসরকারি বাড়ী ভাড়ার হার নির্ধারণ/নতুন বাড়ী ভাড়া করণ/ভাড়া চুক্তি নবায়ন প্রস্তাবসমূহ নিম্নোক্ত শর্ত/তথ্যাদির আলোকে প্রস্তাব প্রেরণের জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে অর্থ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে:

শর্ত/তথ্যাবলী:

- ক. নতুন বাড়ী ভাড়া করণ/ভাড়া চুক্তি নবায়ন/ভাড়ার হার নির্ধারণ বিষয়ে সংশ্লিষ্ট অফিস কর্তৃক প্রেরিত প্রস্তাব/অধিযাচন পত্র;
- খ. নতুন বাড়ী ভাড়া করণ বিষয়ে আবাসন পরিদপ্তর/গণপূর্ত মন্ত্রণালয়ের ছাড়পত্র;
- গ. ভাড়া চুক্তির মেয়াদ শেষ হওয়ার ২ মাস পূর্বে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে;
- ঘ. অর্থ বিভাগের পূর্ব অনুমোদন ব্যতীত কোন প্রস্তাবিত নতুন বাড়ী/ভবনে সরকারী অফিসের কার্যক্রম চালু করা যাবে না;
- ঙ. প্রযোজ্য ক্ষেত্রে ভাড়া করণ/নবায়ন চুক্তির খসড়া চুক্তিনামা; এবং
- চ. নির্ধারিত 'ছক' পূরণপূর্বক পূর্ণাঙ্গ তথ্য (ছক সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, সরকারী অফিসের জন্য বেসরকারী বাড়ী ভাড়া করণের হার নির্ধারণ/নতুন বাড়ী ভাড়া করণ/ভাড়া চুক্তি নবায়নের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসরণপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ডা. মোঃ হামিদুল হক)  
উপ-সচিব

ফোনঃ ৯৫৪০২৬১

e-mail:agafur2006@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সদস্য (বোর্ড প্রশাসন)/ সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন)/ সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ০৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ০৪। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ০৫। যুগ্ম-সচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। কমিশনার/কর কমিশনার/মহাপরিচালক..... সকল।

নং-০৮.০০.০০০০.০৪৩.০২০.০০৭.২০১৫-

তারিখঃ ০৫ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ  
২০ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্যঃ

- ০১। যুগ্ম-সচিব, ব্যয় নিয়ন্ত্রণ-১, অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। শেখ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(আইআরডির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।

(ডা. মোঃ হামিদুল হক)  
উপ-সচিব

বিষয়	মন্ত্রণালয়ের নাম	প্রাধিকারভুক্ত স্পেস	প্রস্তাবিত স্পেস	প্রস্তাবিত ভাড়া বাড়ির ঠিকানা	গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক উক্ত এলাকায় নির্ধারিত ভাড়া (প্রতি বর্গফুট)	বিন্যাস ভাড়ার হার	প্রস্তাবিত বাড়ির প্রতি বর্গফুট ভাড়া	ভাড়ার সময়কাল	উক্ত ভবনে আর কোন সরকারী প্রতিষ্ঠান ভাড়ায় আছে কিনা এবং ভাড়ার হার	নবায়ন/নতুন ভাড়া বাড়ি	টিওএসইভুক্ত জনবল	বিন্যাস জনবল	মতব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪